Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই অগ্রহায়ণ বুধবার ১৩৬৬ ইংরাজী 2nd Dec. 1959 { ২৯শ সংখ্যা





মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

### "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৫ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৬৬ সাল।

## সমরানল প্রজ্বলিত হইলে

### প্রতিটি গৃহ ও কর্ম্ম সংস্থা যুদ্ধ প্রস্তুতির ঘাঁটি হইবে

—•—

সংবাদপত্রে মোটা মোটা অক্ষরে এই হেডিং দেখিলে কি মনে হয় ? তাহা যাঁহারা সত্য কথা বলেন তাঁহারা নিশ্চয় বলিবেন—(এক যাত্রার দলের যুদ্ধ ছাড়া সত্যিকার যুদ্ধ দেখা যাঁহাদের ঘটে উঠে নাই তাঁদের কথায় বলছি) পৃথিবীতে দু দুটো বিশ্ব যুদ্ধ হয়েছে বটে তাতে আমাদের কষ্ট হয়নি এ কথা বলা চলে না। খাদ্য পরিধেয়ের যথেষ্ট কষ্ট হয়েছে। শেষবার যখন কলিকাতা মহানগরীতে স্থানে স্থানে বোমা পড়তে আরম্ভ করে, তখন মহাপ্রস্থানের ভয়ে মহানগরী ত্যাগ করিয়া "যঃ পলায়তি স জীবতি" মন্ত্রের উপাসক যে কত তাহা গণনা করা যায়নি। এবার ভারত চীনে যুদ্ধ যদি লাগে ব্যাপার যে কি হবে তা অনুমান করা যায় না। অনুমান করতে আমাদের মত বীর পুরুষদের মন জানে আর আমরাই জানি।

পঞ্চত্ব পাবার ভয়ে যে আমাদের জন্য পঞ্চশীল ব্যবস্থা হয়েছিল তাতে কোন ভুল নাই।

যাত্রার দলে যে যুদ্ধ হয় তাহাতে যোদ্ধাগণ একই দলের। গদাগুলো বালিশের মত তুলো পোরা। যোদ্ধারা মরে কিন্তু মিছে মরণ! গায়ে দাগও লাগে না।

পাকিস্তান ভারতের স্থান দখল করে নিল, চীনী ভাইরা একটু একটু ক'রে অনেক স্থান দখল ক'রে নিল।

আমাদের প্রধান মন্ত্রী পণ্ডিত নেহরুজী জেনেও তা জানেননি। "যে দিন যায় সেদিন ভাল" মনে ক'রে চালিয়ে নিয়েছেন। বার বৎসর কাল স্বাধীনতা ভোগ করছি আমরা, কাশ্মীরে হানাদাররা পালাই পালাই অবস্থাতেও টিকে গেল। এতদিন রাষ্ট্রপুঞ্জে মামলা চল্‌লো। এ যুদ্ধ আর সে যুদ্ধ বহুত তফাৎ।

চীনেরা আবার রাষ্ট্রসংঘের এলাকার বাইরে। তবে ভরসা প্রধান মন্ত্রী মহাশয় বলেছেন বহুদিনের বন্ধুতা যাতে বজায় থাকে সে ব্যবস্থা হবার আশা আছে। এখন ভরসা মা রণচণ্ডী নয়, মা মঙ্গলচণ্ডী।

"যা দেবী সর্ব্বভুতেষু
শান্তিরূপেণ সংস্থিতা।"

রণ-বাদ্য না বাজতেও পারে। এক সারস পক্ষী-দম্পতির কথা বলে মনকে আশ্বস্ত করি—এক সারস ও সারসী এক গৃহস্থ কৃষকের জমির এক কোণে নিভৃত স্থান দেখে আসন্ন প্রসবা সারসীর ডিম্ব প্রসব করিবার স্থান স্থির করিল। যে দিন সারসী ডিম প্রসব করিয়া তা দিতে আরম্ভ করিল, তার পর দিনই কৃষক তার জমির বিপরীত কোণে লাঙ্গল দিয়া চাষ আরম্ভ করিল। এক প্রান্ত হইতে জমির অন্য প্রান্ত আসিতে তিন দিন গত হইল। আজ চাষ আরম্ভ করিলেই লাঙ্গলের ফাল লাগিয়া ডিম ভাঙ্গিয়া যাইবে। সারসী মাতৃস্নেহ বিগলিতা হইয়া সারসকে বলিল আজ আর রক্ষা নাই, সারস ভাবী বিপদের ভরসা ভগবানকে স্মরণ করিতে বলিল। লাঙ্গল জুড়িয়া কৃষক আর মাত্র এক হাত পরিমিত দূরে আসিয়াছে ডিমের মায়া ত্যাগ করিয়া সারসী নিজের প্রাণ লইয়া উড়িয়া এক গাছের শাখায় বসিয়া সন্তানের আসন্ন বিনাশ দেখিবে এমন সময় কৃষক দেখিল তার গ্রামে আগুনের শিখা। কার ঘরে আগুন লাগিয়াছে। গরু দুটিকে লাঙ্গল হইতে খুলিয়া দিয়া সে নিজের গৃহাভিমুখে দৌড়িয়া গেল। দেখিল তাহারই গৃহ ভস্মে পরিণত হইয়াছে। সারসী ডিমের উপর বসিয়া তা দিতে লাগিল। চাষার খড়, বাঁশ, দড়ি ইত্যাদি সংগ্রহ করিয়া ঘর করিতে ২০ দিন লাগিল, তার মধ্যে সারসী বাচ্চা উড়াইয়া লইয়া গেল।

রণ-ভীত আমরা হয়তো এই সারসীর মত নিরাপদ হইতে পারি। এই ভরসায় বীর-রসে করুণ রস মিশিয়ে তখন কবির প্রতিভা গান করিব আর বাহবা নিব—

একদা যাহার বিজয়-সেনানী—
হেলায় লঙ্কা করিল জয়—
একদা যাহার অর্ণবপোত
ভ্রমিল ভারত সাগরময়
সন্তান যাঁর তিব্বত-চীন
জাপানে গঠিল উপনিবেশ
তুই কি মাগো তাদের জননী
তুই কি মাগো তাদের দেশ।

---

## কলিকাতায় মোটর গাড়ীর অভাব

টাকা থাকিলেই ঝকঝকে নূতন মোটরগাড়ী এখন কেনা যায় না এবং আমদানীর কড়াকড়ি আর দেশে উৎপাদনের স্বল্পতায় অনির্দিষ্টকালের জন্য কলিকাতা ও ভারতের অন্যান্য বড় বড় শহরে মোটরগাড়ীর অভাব থাকিয়াই যাইবে। জানা গিয়াছে ভারতে প্রতি বছর প্রায় ৪০ হাজার নূতন মোটরগাড়ীর দরকার। তন্মধ্যে কলিকাতারই দরকার ৫ হাজার। ১৯৫৮ সালে দেশে ১৩ হাজার গাড়ী তৈরী হইয়াছে। ১৯৫৯ সালে উৎপাদন বাড়িয়া ঐ সংখ্যা বড় জোর ২০ হাজার হইতে পারে। আরও জানা গিয়াছে, ঐ অভাবের দরুণ পাবলিক ভেহিকলস বিভাগ এক বছর আগে কলিকাতায় আরও ৫ শত ট্যাক্সি চালু করার জন্য রাজ্য সরকারের নিকট যে সুপারিশ করিয়াছিলেন, তাহা মঞ্জুর করা যাইতেছে না। ঐ বিভাগের মতে কলিকাতায় আরও ৫ শত ট্যাক্সি অবিলম্বে দরকার। এখন কলিকাতায় ট্যাক্সির সংখ্যা প্রায় ২ হাজার। সুতরাং কলিকাতায় ট্যাক্সির অভাব কবে মিটিবে বলা মুশকিল। হয়ত আরও বহু বছর জরুরী কাজে ট্যাক্সি ডাকিতে গিয়া এখনকার মত হতাশ হইতে হইবে। তাছাড়া মোটর ভেহিকলস বিভাগ যদি নিয়মের কড়াকড়ি করেন, তাহা হইলে কলিকাতায় ট্যাক্সির সংখ্যা বাড়া দূরে থাকুক, কমিয়াই যাইবে। নিয়মমত প্রতি তিন বছর অন্তর পুরাতন ট্যাক্সি পালটানোর কথা। পশ্চিম বঙ্গ সরকার ঐ সকল সমস্যার কথা ভারত সরকার কর্তৃক নিযুক্ত ঝা-কমিটির কাছে পেশ করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

---

## মুর্শিদাবাদ জেলায় বন্যাপ্লাবিত অঞ্চলে সরকারী সাহায্য বণ্টনের হিসাব

গত ১লা অক্টোবর হইতে ৭ই নভেম্বর ১৯৫৯ পর্য্যন্ত পাঁচ সপ্তাহকাল ব্যাপী এই জেলার বিভিন্ন মহকুমায় যে সকল সরকারী সাহায্য বণ্টন করা হইয়াছে তাহার বিস্তৃত বিবরণ নিম্নে দেওয়া হইল।

১। মডিফাইড রেশন ব্যবস্থায়:—

(ক) সদর মহকুমায় ২৭০১৬৮ পূর্ণ ইউনিটে মোট ৬৬৮৮৯ মণ, (খ) লালবাগ মহকুমায় ১৬২৭৬০ পূর্ণ ইউনিটে মোট ৩৯৩৮৭ মণ ৯ সের (গ) জঙ্গিপুর মহকুমায় ১৮০৪৮০ পূর্ণ ইউনিটে মোট ২৮৫৫৪ মণ, (ঘ) কান্দি মহকুমায় ৫০২৬০ পূর্ণ ইউনিটে ৯২১৯ মণ, সমগ্র জেলায় ৬,৬৩,৬৬৮ পূর্ণ ইউনিটে মোট ১,৪৪,০৪৯ মণ ৯ সের, খাদ্যদ্রব্য বণ্টন করা হইয়াছে।

২। খয়রাতি সাহায্য রেশন:—

(ক) সদর মহকুমায় ২০৮১৮৭ পূর্ণ ইউনিটে মোট ২০৮৫৮ মণ ৩০ সের, (খ) লালবাগ মহকুমায় ১০০৫৫৭ পূর্ণ ইউনিটে মোট ১১৯৪৭ মণ,

(গ) জঙ্গিপুর মহকুমায় ৯৫৫৬১½ পূর্ণ ইউনিটে মোট ৮০৮২ মণ ৩ সের, (ঘ) কান্দি মহকুমায় ৩৯৩৪৮৯½ পূর্ণ ইউনিটে মোট ৩৪২৬৭ মণ ৩৪ সের, সমগ্র জেলায় ৭১৮১৯৫ পূর্ণ ইউনিটে মোট ৭৫১৫৫ মণ ২৭ সের, খাদ্যদ্রব্য বণ্টন করা হইয়াছে।

৩। খয়রাতী সাহায্য (নগদ টাকা)

(ক) সদর মহকুমায় ৯৪ টাকা ৫০ নয়া পয়সা, (খ) লালবাগ মহকুমায় ৮৪১৮ টাকা ৬৬ নয়া পয়সা (গ) জঙ্গিপুর মহকুমায় ৯৪০ টাকা ৮০ নয়া পয়সা সাহায্য দেওয়া হইয়াছে।

৪। কৃষিঋণ (নগদ)

(ক) সদর মহকুমায় ৫৪ ব্যক্তিকে ১০৭০ টাকা, (খ) লালবাগ মহকুমায় ৫৬০ ব্যক্তিকে ১৪০০০ টাঃ (গ) জঙ্গিপুর মহকুমায় ১৯৯ ব্যক্তিকে ৫৯৬০ টাকা (ঘ) কান্দি মহকুমায় ১১৪০ ব্যক্তিকে ২০০০০ টাকা, সমগ্র জেলায় ১৯২০ ব্যক্তিকে ৪১০৩০ টাকা ধার দেওয়া হইয়াছে।

৫। গৃহ নির্ম্মাণ ঋণ

মোট দুই লক্ষ টাকা নিম্ন বিবরণ অনুযায়ী সংশ্লিষ্ট মহকুমা শাসকদের হস্তে বিতরণের জন্য ন্যস্ত করা হইয়াছে।

(ক) কান্দি মহকুমায় ১০,০০,০০ টাকা
(খ) লালবাগ মহকুমায় ৩৫০০০ টাকা
(গ) সদর মহকুমায় ৪৫০০০ টাকা
(ঘ) জঙ্গিপুর মহকুমায় ২০০০০ টাকা

কৃষি ঋণখাতে গৃহ নির্ম্মাণ বাবদ নিম্নলিখিত খরচের অনুমোদন পাওয়া গিয়াছে।

(ক) কান্দি মহকুমায় ৬০০০০ টাঃ, (খ) জঙ্গিপুর মহকুমায় ১৫০০০ টাকা, (গ) লালবাগ মহকুমায় ৩৭০০০ টাকা, (ঘ) সদর মহকুমায় ৩৭০০০ টাকা, সমগ্র জেলার জন্য ১,৫০,০০০ টাকা।

৬। গবাদি পশুর খাদ্য:—

পাওয়া গিয়াছে ও বিতরণ করা হইয়াছে।

(ক) সদর মহকুমার জন্য ১৫৭৫ মণ, (খ) লালবাগ মহকুমার জন্য ১৭৯৫ মণ, বিতরণের হিসাব পাওয়া যায় নাই। (গ) জঙ্গিপুর মহকুমার জন্য ৮৫০ মণ, (ঘ) কান্দি মহকুমার জন্য ২২৭৬ মণ, বিতরণ করা হইয়াছে ১৯৭৮ মণ।

৭। কৃষিবীজ:— সমগ্র জেলার জন্য ২৫০০০ মণ (আনুমানিক) বীজ পাওয়া গিয়াছে এবং আনুমানিক ১০,০০০ মণ বিতরণ করা হইয়াছে।

৮। জামা কাপড় ইত্যাদি:—

পাওয়া গিয়াছে ও বিতরণ করা হইয়াছে।

(ক) সদর মহকুমায় ধুতি ১৫৯৫ সাড়ি ১৩৯৫ জামা ৪১৭৮, (খ) লালবাগ মহকুমায় ধুতি ১২১১ শাড়ি ১২০৪ জামা ২৮৭, বিতরণ হইয়াছে ধুতি ৭০০ শাড়ি ৮০০ খানা। (গ) জঙ্গিপুর মহকুমায় ধুতি ১০৩০ শাড়ি ৯৮৯ জামা ১৩৯, (ঘ) কান্দি মহকুমায় ধুতি ২৪৬১ শাড়ি ২৪৯৯ জামা ২৯২৯, সমগ্র জেলায় ধুতি ৫৭৮৩ শাড়ি ৫৬৮৩ জামা ৭৫৩৩

৯। তাঁবু, ত্রিপল ও কম্বল:—

পাওয়া গিয়াছে ও বিতরণ করা হইয়াছে।

(ক) সদর মহকুমায় তাঁবু ৮৫ ত্রিপল ৯৩০ কম্বল ১২৫০, (খ) লালবাগ মহকুমায় তাঁবু ১০০ ত্রিপল ৪৭০ কম্বল ১৬৪, (গ) জঙ্গিপুর মহকুমায় তাঁবু ৪২ ত্রিপল ২৫০ কম্বল ৮৬, (ঘ) কান্দি মহকুমায় তাঁবু ২৭৩ ত্রিপল ১১৯৫ কম্বল ২৪১৫, সমগ্র জেলায় তাঁবু ৫০০ ত্রিপল ৩২৪৫ কম্বল ৩৯৫১

'জেলা প্রচার অফিস'

---

## বন্যার্ত্তদের মধ্যে বণ্টনের জন্য সরকার-প্রদত্ত ছোলার বীজ

### বিশিষ্ট ব্যবসায়ীর গুদাম হইতে উদ্ধার

রাণাঘাট, ২৬শে নভেম্বর—সরকার কর্তৃক বিনা-মূল্যে বন্যাপীড়িত জনগণের মধ্যে বণ্টনের জন্য বরাদ্দ প্রচুর পরিমাণ রাজস্থানী ছোলার বীজ শহরের একজন বড় ব্যবসায়ীর দোকান হইতে উদ্ধার করা হইয়াছে। প্রকাশ, একজন বিশিষ্ট ব্যবসায়ীর গুদাম পুলিশ বন্ধ করিয়া দিয়াছে। ইহার ফলে এ অঞ্চলে চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছে।

---

## হত্যার অভিযোগে প্রখ্যাত ক্রীড়াবিদ

দুই মাস পূর্ব্বে মুর্গাসোলের একটি নারকীয় হত্যাকাণ্ডের অভিযোগে পুলিশ স্থানীয় বিশিষ্ট ফুটবল খেলোয়াড় শ্রীসমীর ব্যানার্জি (টুনু) ও যমুনা বর্ম্মাকে ৩০২ ধারায় গ্রেপ্তার করিয়াছে। নিহত ব্যক্তিটির পরিচয়ও পাওয়া গিয়াছে তাঁহার নাম ব্যোমকেশ মণ্ডল—মোবাইল ইউনিটের একজন ভেটারিনারী সার্জ্জন। ১৩ই সেপ্টেম্বর এক দুর্য্যোগ-পূর্ণ রাত্রিতে উক্ত নিহত ব্যক্তিটী ষ্টেশন হইতে ঘটনার সহিত সংশ্লিষ্ট একটি তরুণীর সহিত ফিরিবার পথে রেল এলাকার একটি পথে আততায়ী দল কর্ত্তৃক ধৃত হন। আততায়ীরা তাঁহাকে নিদ্রার নিকটে নির্ম্মমভাবে হত্যা করিয়া একটি বস্তার মধ্যে পুরিয়া মুর্গাসোলে ফেলিয়া রাখে। অনুমান করা হইতেছে যে এই হত্যাকাণ্ডের সহিত একজন ট্যাক্সি চালক ও অপর একজনও জড়িত রহিয়াছে। বিভিন্ন সূত্রে প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তদন্তকালে এই হত্যাকাণ্ডের রহস্য উদ্‌ঘাটন করা সম্ভব হইয়াছে। পুলিশ আরো তদন্ত চালাইতেছে।

'আসানসোল হিতৈষী'

## পশ্চিম বঙ্গ প্রাথমিক শেষ পরীক্ষা

সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ যে, পশ্চিম বঙ্গের প্রাথমিক বিদ্যালয় সমূহের চূড়ান্ত পরীক্ষা আগামী ২২শে ও ২৩শে ফেব্রুয়ারী অনুষ্ঠিত হইবে। প্রত্যেক ছাত্র বা ছাত্রীকে ১৲ এক টাকা ফি দিয়া পরীক্ষা দিতে হইবে।

---

## বৎসরে ১৮০ দিন কাজ

গত ৮ই অগ্রহায়ণ বুধবার কলিকাতা হাই-কোর্টের বার এসোসিয়েশনের এক বিশেষ সাধারণ সভায় গৃহীত এক প্রস্তাবে বলা হইয়াছে যে, হাই-কোর্টের কাজ বছরে ১৮০ দিনের বেশি হওয়া উচিত নয়। প্রস্তাবে আরও বলা হইয়াছে যে, কাজের দিনের সংখ্যা ইহার চেয়ে বেশি হইলে পরিচালন-ব্যবস্থার দক্ষতা ব্যাহত হইবে।

---

## চারজনের প্রাণদণ্ডাদেশ

গত ১৮ই নভেম্বর আসানসোল কোর্টে মাননীয় বিচারক শ্রী এ, কে, রায়, ( এডিশন্যাল জজ ) গত ১৯৫৮ সালের ২৪শে অক্টোবর নূতন ইস্পাত নগরী দুর্গাপুরে চাকরীর সন্ধানে আগত একটি বাঙালী যুবককে রেলওয়ে প্রোটেক্‌শন পুলিশ ধনপৎ মাহাতোর কোয়ার্টারে নৃশংসভাবে হত্যার অপরাধে বিচারাধীন অভিযুক্তদের মধ্যে ৪ জনের ফাঁসির হুকুম দিয়াছেন। ৮ জন জুরীও এই দণ্ডাদেশ সম্বন্ধে একমত হইয়াছেন।

---

## স্যানিটারী ইন্সপেক্টরের এন্তেকাল

—০—

সমসেরগঞ্জ থানার স্যানিটারী ইন্সপেক্টর রতনপুর নিবাসী মহম্মদ হাফিজুল্লা বিশ্বাস সাহেবের জ্যেষ্ঠ পুত্র তামিজুদ্দিন বিশ্বাস সাহেবের বিগত ২২শে নভেম্বর রবিবার এন্তেকাল হইয়াছে। তাঁহার বৃদ্ধ পিতাকে সান্ত্বনা দিবার ভাষা নাই। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

## পরলোক গমন

—০—

বিগত ৬ই অগ্রহায়ণ সোমবার পাইকরের প্রাচীন পণ্ডিত বংশের স্বর্গত পশুপতি তর্করত্ন মহাশয়ের সুযোগ্য পুত্র পণ্ডিত রমাপতি পালধী মহাশয় দুরারোগ্য ক্যানসার রোগে আক্রান্ত হইয়া পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৭ বৎসর হইয়াছিল। তিনি জঙ্গিপুর হাই স্কুলে, নলহাটী হাই স্কুলে ও পাইকর হাই স্কুলে সুনামের সহিত শিক্ষকতা করিয়াছেন। তাঁর মৃত্যুতে শুধু পাইকর নয় এতদঞ্চলের হিন্দু জনসাধারণ একজন ক্রিয়াকুশল পণ্ডিতকে হারাইলেন। তাঁহার বহু গুণমুগ্ধ ছাত্র এই দুঃসংবাদে ব্যথিত হইয়াছেন। আমরা তাঁহার পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## ঘড়ির দোকানে চুরি

—০—

গত ৩০শে নভেম্বর সোমবার ভোর রাত্রে রঘুনাথগঞ্জ সহরের মধ্যস্থলে সদর রাস্তার উপরে স্বর্গীয় রাধিকাপ্রসাদ ভকত মহাশয়ের পুত্র শ্রীমান্ শঙ্করপ্রসাদ ভকতের ঘড়ির দোকানে চুরি হইয়াছে। চোরে প্রায় ৫০টী ঘড়ি ও ঘড়ির সরঞ্জামাদি লইয়া গিয়াছে। আনুমানিক দুই হাজার টাকা ক্ষতি হইয়াছে বলিয়া প্রকাশ। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## ঊষা এমব্রয়ডারী ও টেলারিং স্কুল

—০—

গত ১লা ডিসেম্বর মঙ্গলবার রঘুনাথগঞ্জে "শ্রীঅরুণ" ষ্টুডিওর সম্মুখে ডাঃ কিশোরীমোহন সিংহ মহাশয়ের ভাড়াটিয়া ঘরে ঊষা এম্‌ব্রয়ডারী ও টেলারিং স্কুল খোলা হইয়াছে। জঙ্গিপুরের সুযোগ্য মহকুমা শাসকের সহধর্ম্মিণী শ্রীমতী তপতী চৌধুরী মহাশয়া দ্বারোদ্ঘাটন করেন। ছোটকালিয়াই-এর প্রাচীন মজুমদার পরিবারের শ্রীমতী বীণা মজুমদার উক্ত স্কুলে শিক্ষাদান করিবেন।

---

## নেপালে তিব্বতী উদ্বাস্তুর সংখ্যা বৃদ্ধি

নেপালী পররাষ্ট্র দপ্তর হইতে প্রাপ্ত হিসাবে জানা যায় যে, নেপালে তিব্বতী উদ্বাস্তুর সংখ্যা বৃদ্ধি পাইতেছে। নেপালে আগত তিব্বতী উদ্বাস্তু সংখ্যা এখন ১৯৮৫।

---

## সরকারী বিজ্ঞপ্তি

—০—

যে সকল ব্যক্তি পাবলিক ক্যারিয়ারের পারমিটের জন্য এবং যাঁহারা ষ্টেজ ক্যারেজ, কন্‌ট্রাক্ট ক্যারেজ, প্রাইভেট ক্যারিয়ার ও পাবলিক ক্যারিয়ারের পারমিটের পুনর্নবীকরণের জন্য দরখাস্ত করিয়াছেন তাঁহাদের নামের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের ও জেলার প্রত্যন্তবর্তী মহকুমা শাসকদের নোটিস-বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এ সম্পর্কে কোন নিবেদন থাকিলে এই নোটিস প্রকাশের ৩০ দিনের মধ্যে প্রেরণ করিতে হইবে। স্বাঃ এ. সি. চট্টোপাধ্যায়, সম্পাদক, মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১১ই জানুয়ারী ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১১৬ থাং ডিঃ চিন্ময়ী দেবী দেং জিয়ারুদ্দিন সেখ দাবি ১৬ টাকা ৪৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ৪১ শতকের কাত ৩৲ আঃ ৫৲ খং ২৮৯

১১৩ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং শরৎ-চন্দ্র মুখোপাধ্যায় দিং দাবি ২০ টাকা ২৪ নঃ পঃ থানা সুতী মৌজে বংশরাটি ৫৭২ শতকের কাত ২॥৶১ আঃ ১০৲ খং ৪৪৫

১৩৬ থাং ডিঃ ঐ দেং আবদুল গণি সেখ দিং দাবি ৪৪ টাকা ৫২ নঃ পঃ থানা ঐ মৌজে কালীনগর ৩৭৯ শতকের কাত ১৭৮/১০ আঃ ২৫৲ খং ৬৬

---

## প্রাচীর-পত্র প্রদর্শনী

গত ১লা ডিসেম্বর চাঁদপাড়া বয়স্ক শিক্ষাকেন্দ্রে, সর্ব্বভারতীয় সমাজ শিক্ষা দিবস উপলক্ষে একটি প্রাচীরপত্র প্রদর্শনী হয় এবং মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী উহার প্রত্যেকটি বিষয় বিস্তারিতভাবে বর্ণনা করেন এবং ঐ দিবসের তাৎপর্য্য বর্ণনা করিয়া জনসাধারণকে সমাজ শিক্ষার মাধ্যমে আরও উন্নত হইতে কঠোর পরিশ্রমের জন্য আবেদন জানান।

পরে ঐখানে শ্রী ডি. চ্যাটার্জি, আই. এ. এস, অতিরিক্ত জেলা শাসকের সভাপতিত্বে আরও একটি বিরাট সভা হয়। সভায় আদিবাসী উন্নয়ন অফিসার শ্রীশান্তিকুমার আগস, বি. ডি. ও প্রমুখ ব্লকের সকল স্তরের কর্ম্মচারী ও বহুলোকের সমাগম হয়। শ্রী চ্যাটার্জি আদিবাসীদের এই শিক্ষাকেন্দ্রের অগ্রগতিতে মুগ্ধ হন এবং তিনি বর্ত্তমান ভারতে সমাজ শিক্ষা ও তাহার উপকারিতা সম্বন্ধে বিশদভাবে বর্ণনা করেন ও শেষে উক্ত স্কুলের শিক্ষক শ্রীকমলারঞ্জন প্রামাণিককে তাঁহার অকুণ্ঠ পরিশ্রমের জন্য ধন্যবাদ দেন। 'সংবাদদাতা'

---


## লোক সহায়ক সেনা ক্যাম্প

আগামী ১৭ই ডিসেম্বর '৫৯ হইতে ১৯শে জানুয়ারী '৬০ পর্য্যন্ত লালবাগে **লোক সহায়ক সেনা** ক্যাম্প হইবে এবং ১৭ই হইতে লোক ভর্ত্তি করা হবে। যোগদানকারীদের কোনও রাহা খরচ দেওয়া হ'বে না এবং একটি ছোট বিছানা লইতে হইবে। প্রত্যেক সবল ও সুস্থ দেহী, ১৮ হইতে ৪০ বৎসর বয়সের মধ্যে যোগদান করিতে পারেন। শিক্ষার্থীদের সরকারী ক্যাম্পে থাকিতে হইবে এবং সমস্ত পোষাক পরিচ্ছদ দেওয়া হবে। এ ছাড়া বিনামূল্যে আহার ও ডাক্তারি চিকিৎসার ব্যবস্থা আছে। শিক্ষাশেষে পকেট খরচ বাবদ ১৫৲ এবং একটি সার্টিফিকেট দেওয়া হবে এবং শ্রেষ্ঠ শিক্ষার্থীকে নূতন দিল্লীতে 'রিপাবলিক ডে' দিবস কুচকাওয়াজে যোগদান করিতে হইবে—সরকারী খরচে। নিম্নলিখিত বিষয় শিক্ষা দেওয়া হবে ড্রিল, রাইফেল ছোড়া ও ব্যবহার করা, ফিল্ড ইঞ্জিনিয়ারিং, স্বাস্থ্য, প্রাথমিক চিকিৎসা, ব্যায়াম ইত্যাদি। নিকটস্থ থানায় ফরম পূরণ করিতে হইবে।

'মহকুমা প্রচার সংস্থা'



rts/59



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"　　টেলিফোন : বড়বাজার ৪১৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২




আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।